



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিবালি, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
[www.bb.org.bd](http://www.bb.org.bd)

এসএমই এভ স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট  
(নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট)

এসএমইএসপিডি সার্কুলার নং-২

তারিখ: ০৮ এপ্রিল ২০১৫  
২৫ চৈত্র ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান।

কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন নারী উদ্যোক্তাকে ঋণ/আর্থিক সেবা প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

নারীর অর্থনৈতিক মুক্তি ও ক্ষমতায়ন এবং প্রাতিষ্ঠানিক অর্থায়ন ব্যবস্থায় অধিকতর প্রবেশগম্যতা নিশ্চিতকরণের উদ্দেশ্যে ব্যাংকিং সেক্টরে নারী উদ্যোক্তাদের বিশেষতঃ নতুন নারী উদ্যোক্তাদের অনুকূলে খণ্ডের প্রবৃদ্ধি ও উদ্যোক্তার সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক নানাবিধ পদক্ষেপ ও কার্যক্রম গ্রহণ করে আসছে। এরই ধারাবাহিকতায় নারীর ক্ষমতায়ন ও অর্থনৈতিক উন্নয়নকে অধিকতর শক্তিশালী ও বেগবান করার উদ্দেশ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা যাচ্ছে :

- (১) সকল ব্যাংক/নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের প্রতিটি শাখা কর্তৃক শাখার আওতাধীন এলাকায় ন্যূনতম ০৩ (তিনি) জন উদ্যোগ গ্রহণে আগ্রহী নারী কিংবা নারী উদ্যোক্তাকে খুঁজে বের করতে হবে যারা ইতঃপূর্বে কোন ব্যাংক বা নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান থেকে কোন প্রকার ঋণ গ্রহণ করেননি। তবে এ সংখ্যা আরো বেশী হলে ব্যাংক প্রশংসিত হবে।
- (২) নির্বাচিত নারী উদ্যোক্তাদেরকে তাঁদের পছন্দ অনুযায়ী শিল্প/সেবা/ব্যবসা কার্যক্রম নির্বাচন, মূলধন সংগ্রহ ও ব্যবস্থাপনা, ব্যবসায় পরিচালনা, উৎপাদিত পণ্য সামগ্রী বা সেবা বাজারজাতকরণ, ব্যাংকে হিসাব খোলা ও লেনদেনের পদ্ধতিসহ সার্বিক বিষয়ে সক্ষমতা বৃদ্ধির (Capacity Building) লক্ষ্যে ব্যাংক/নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান নিজ উদ্যোগে অথবা প্রয়োজনে আধিক্যাত্মক পর্যায়ে কয়েকটি ব্যাংক/নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান যৌথভাবে প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করবে। এক্ষেত্রে প্রয়োজনে ব্যাংক/নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ বিসিক, এসএমই ফাউন্ডেশন, মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা, যুব উন্নয়ন অধিদপ্তর, Small and Cottage Industries Training Institute (SCITI), বিভিন্ন ব্যবসায়িক চেম্বার/এসোসিয়েশন, নারী উদ্যোক্তা চেম্বার/এসোসিয়েশনসহ অনুরূপ সংস্থার সহায়তা গ্রহণ করতে পারে। এ জন্যে সংশ্লিষ্ট পক্ষসমূহের মধ্যে প্রয়োজনীয় সমর্থোত্তা চুক্তি স্বাক্ষরিত হতে পারে।
- (৩) ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের স্বাভাবিক ঋণ কার্যক্রমের অতিরিক্ত হিসেবে সকল ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের প্রতিটি শাখা কর্তৃক নির্বাচিত প্রশিক্ষণ প্রাপ্ত ০৩ (তিনি) জন নতুন নারী উদ্যোক্তাদের মধ্য থেকে প্রতি বছর ন্যূনতম ০১ (এক) জনকে কুটির, মাইক্রো অথবা ক্ষুদ্র খাতে ঋণ প্রদান করতে হবে। এ সংখ্যা আরো বেশী হলে ব্যাংক প্রশংসিত হবে। এ কর্মসূচীর আওতায় বাংলাদেশ ব্যাংকের নীতিমালার আলোকে প্রয়োজনে নারী উদ্যোক্তাদেরকে গ্রহণ ভিত্তিতেও ঋণ প্রদান করা যাবে। উদ্যোক্তাদের অন্যান্য আর্থিক সেবার চাহিদা পূরণের বিষয়েও ব্যাংক পদক্ষেপ গ্রহণ করবে।

- (৪) অত্র সার্কুলারের আওতায় নতুন নারী উদ্যোক্তাদেরকে প্রদত্ত খণ্ডের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন তহবিল হতে বিধি মোতাবেক অঞ্চাধিকার ভিত্তিতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানের বিষয়টি বিবেচনা করা হবে।
- (৫) এই কর্মসূচীর সাফল্য ব্যাংক/নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহের CAMELS Rating-এর এসএমই কার্যক্রমের সাফল্য বিষয়ক Scoring এ প্রতিফলিত হবে এবং
- (৬) এই কর্মসূচীর অংগতি ত্রৈমাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকের ‘এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট’ এর নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিটকে অবহিত করতে হবে।

এ সার্কুলার অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাণ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বাস,

(সুমন কুমার রায়)  
মহাব্যবস্থাপক  
ফোন: ৯৫৩০৫০২